

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

স্বরাষ্ট্র মন্ত্রণালয়

বহিরাগমন অধিশাখা-২

বিজ্ঞপ্তি

নং-৪৪.০০.০০০০.০৩৯.০১.০০৮.১৩-(অংশ) ১৪২৭

তারিখ : ১৮ সেপ্টেম্বর, ২০১৬খ্রি:

বাংলাদেশ ও অস্ট্রেলিয়া সরকারের মধ্যে বিদ্যমান সৌহার্দপূর্ণ সম্পর্ককে আরও জোরদার করার লক্ষ্যে উভয় দেশের মধ্যে Work and Holiday ভিসা চুক্তি স্বাক্ষরিত হয়। চুক্তিটির আওতায় প্রতিবছর উভয় দেশের ১৮-৩০ বছর বয়সসীমার ১০০ (একশত) জন নাগরিক ১২ মাসের জন্য উভয় দেশে ভ্রমণ ও কাজ করার সুযোগ পাবেন। এর ফলে বাংলাদেশী তরুণদের জন্য উন্নত প্রযুক্তি ও আর্থ-সামাজিক অবস্থার সাথে পরিচিতি লাভসহ নতুন অভিজ্ঞতা অর্জন করা সম্ভব হবে। এ কার্যক্রমে অংশগ্রহণকারী ব্যক্তিবর্গ প্রবর্তীতে দেশের আর্থ-সামাজিক উন্নয়নে ব্যাপক ভূমিকা পালনে সক্ষম হবেন। এ কর্মসূচিতে অংশগ্রহণকারীদের আবেদনপত্র গ্রহণ ও বাছাই করার প্রক্রিয়াটি বিনাফ্রি'তে online এর মাধ্যমে সম্পন্ন করা হবে। এ কর্মসূচিতে অংশগ্রহণ করতে ইচ্ছুক আবেদনকারীদের নিম্নরূপ যোগ্যতার অধিকারী হতে হবে:

০১. আবেদনকারী IELTS General অথবা Academic এ গড় Band Score ৫.৫ থাকতে হবে এবং আবেদনের তারিখে IELTS এর মেয়াদ কমপক্ষে এক বছর থাকতে হবে, সর্বোচ্চ IELTS ক্ষেত্রপ্রাপ্ত আবেদনকারী অঞ্চলিকার পাবেন এবং সমান ক্ষেত্রে প্রাপ্তগণের মধ্যে আবেদনের তারিখ ও সময়ের ভিত্তিতে অঞ্চলিকার নির্ধারণ করা হবে;

০২. সম্পূর্ণ আনুষ্ঠানিকভাবে অস্ট্রেলিয়ার দ্রুতাবাস কর্তৃক যথানিয়মে ভিসা আবেদন বিবেচনার সময়ে প্রার্থীর বয়স ১৮-৩০ বছরের মধ্যে হতে হবে;

০৩. আবেদনকারীকে একটি বৈধ বাংলাদেশী পাসপোর্টের অধিকারী হতে হবে;

০৪. বাংলাদেশের অনুমোদিত শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক প্রদত্ত ন্যূনতর ব্যাচেলর/গ্রাজুয়েট সার্টিফিকেটের অধিকারী হতে হবে;

০৫. আবেদনকারীকে অবিবাহিত ও পোষ্যবিহীন ব্যক্তি হতে হবে। এ মর্মে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র দাখিল করতে হবে;

০৬. আবেদনকারীকে সচেতিত, সুস্থানের অধিকারী ও প্রয়োজনীয় আর্থিক সঙ্গতিসম্পন্ন ব্যক্তি হতে হবে।

**শর্তাবলী:**

(ক) এই ভিসায় ০১ (এক) বছরের জন্য অস্ট্রেলিয়া ভ্রমণ করা যাবে। কিন্তু সর্বোচ্চ একাধারে ৩ মাসের বেশি কোন অধ্যয়ন/প্রশিক্ষণ/কর্মে নিয়োজিত হতে পারবেন না;

(খ) Work and Holiday ভিসার খেলী পরিবর্তন বা মেয়াদ বৃক্ষির কোন সুযোগ নেই বিধায় ভিসা প্রার্থীগণকে চুক্তিকালের (১২ মাস) মধ্যেই আবশ্যিকভাবে দেশে প্রত্যাবর্তন করতে হবে;

(গ) সাংস্কৃতিক কর্মকাণ্ড অথবা সমাজসেবামূলক সংগঠনে জড়িত তরুণদের আবেদন করার জন্য উৎসাহিত করা যাচ্ছে;

(ঘ) আবেদনকারীগণকে মেয়াদ উত্তীর্ণ হওয়ার পূর্বেই চুক্তি মোতাবেক শব্দেশে প্রত্যাবর্তনের বায়বাধকতা নিশ্চিত করার লক্ষ্যে আইন মোতাবেক ৩০০(তিনশত) টাকার মন-জুড়িশিয়াল স্ট্যাম্পে স্বীকৃতি/মুচলেকা প্রদান করতে হবে, উচ্চার্থ শর্তভঙ্গ করা হলে কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত স্বত্ত্বপূরণ প্রদানে মুচলেকা প্রদানকারী বাধ্য থাকবেন;

(ঙ) চুক্তি মোতাবেক নির্বাচিত প্রার্থীগণকে অবশ্যই রিটার্ন টিকেট দাখিল করতে হবে;

(চ) চুক্তি মোতাবেক আবেদনকারী চূড়ান্ত মনোনীত হওয়ার পর অস্ট্রেলিয়ায় তার শিক্ষা, প্রশিক্ষণ অথবা কর্মসংস্থান বিষয়ে কার্যিত সহযোগিতার লক্ষ্যে অস্ট্রেলিয়ায় বাংলাদেশ দ্রুতাবাসে ই-মেইলের মাধ্যমে রিপোর্ট করতে হবে;

(ছ) আবেদনকারীগণকে অবশ্যই বাংলাদেশের অভ্যন্তর থেকেই আবেদন করতে হবে, অন্যথায় আবেদন বাতিল মর্মে গণ্য হবে;


(জ) আবেদনকারী কর্তৃক তার নিজের অথবা অভিভাবকের যে ব্যাংক হিসাবে প্রদর্শন করা হবে, সে ব্যাংক হিসাবে আবেদনের অব্যবহিত পূর্ববর্তী ০৬ (ছয়) মাসে কমপক্ষে পাঁচ লক্ষ টাকার মেনদেন প্রদর্শনপূর্বক হিসাবের বিবরণী জমা দিতে হবে;

(ঝ) চুক্তি মোতাবেক নির্বাচিত প্রার্থীগণকে শব্দেশে প্রত্যাবর্তনের পর এক মাসের মধ্যে অস্ট্রেলিয়ায় অর্জিত অভিজ্ঞতার একটি রিপোর্ট স্বরাষ্ট্র মন্ত্রণালয়ে দাখিল করতে হবে;

(ঞ) ইতোপূর্বে এ কর্মসূচির অধীনে ভিসাপ্রাপ্ত ব্যক্তি/ব্যক্তিবর্গ আবেদন করতে পারবেন না;

এ কর্মসূচিতে আবেদন করার প্রতিলিপি নিম্নরূপ:

- ক. এ কর্মসূচিতে অংশগ্রহণের জন্য ([www.mha.gov.bd](http://www.mha.gov.bd)) লিংকের মাধ্যমে আবেদন করতে হবে;
- খ. প্রয়োজনীয় সকল কাগজপত্রাদি ক্ষয়ন ও JPEG/PDF ফরম্যাটে সেভ করে অবশ্যই সংযুক্ত করতে হবে;
- গ. আবেদন ফরম একবার জমা প্রদানের পর ফরমের কোন তথ্য পরিবর্তন/সংশোধন করা যাবে না;
- ঘ. Online এ আবেদন পত্রের সাথে প্রাপ্ত সকল তথ্য এবং কাগজপত্রাদি পরীক্ষার পর প্রবর্তী কার্যক্রম গ্রহণ করা হবে;
- ঙ. এ কার্যক্রমে অংশগ্রহণে ইচ্ছুক আবেদনকারীগণের জন্য স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের ওয়েবসাইট ০১-৩০ ২০১৬ তারিখ উন্নত থাকবে;
- চ. এ কর্মসূচিতে অংশগ্রহণকারীদের স্বরাষ্ট্র মন্ত্রণালয়ে হতে সম্ভতিপত্র-পাওয়ার পরই ঢাকাস্থ অস্ট্রেলিয়ান হাইকমিশনে ভিসা পাওয়ার জন্য যথানিয়মে আবেদন করতে হবে; এবং
- ছ. এতদসংক্রান্ত বিস্তারিত বিষয় ([www.mha.gov.bd](http://www.mha.gov.bd)) এর মাধ্যমে জানা যাবে।

  
১৮.০৯.১৬  
(সৈয়দ সাজিদুল ইসলাম)

উপসচিব

ফোনঃ ৯৫৭৪৫৩০

sasimmig2@mha.gov.bd